গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩
www.lawjusticediv.gov.bd

নং ৯৭৯-বিচার-৩/১ডি-১৬/২০১০ তারিখঃ ০১/১২/২০১৬ খ্রিঃ

প্রজ্ঞাপন

যেহেতু, সিরাজগঞ্জের সাবেক অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে মেহেরপুরের অতিরিক্ত জেলা জজ জনাব টি,এম, মুসা এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৬/২০১০ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব টি,এম, মুসা এর বিরুদ্ধে রুজুকৃত ১৬/২০১০নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমানিত না হওয়ায় উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সরকারের সিদ্ধান্তে বাংলাদেশ সুপ্রীম কোর্ট একমত পোষণ করেন;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সিরাজগঞ্জের সাবেক অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে মেহেরপুরের অতিরিক্ত জেলা জজ জনাব টি,এম, মুসা-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১৬/২০১০ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ—

(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব।

নং ৯৭৯/১(৯)-বিচার-৩/১ডি-১৬/২০১০ তারিখঃ ০১/১২/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ/ মেহেরপুর।
৩। জনাব টি,এম, মুসা, অতিরিক্ত জেলা জজ, মেহেরপুর।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০১/১২/২০১৬

(মোঃ নুরুল আলম সিদ্দীকী)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৬৬৩১ (অঃ)।
section3@lawjusticediv.gov.bd